

ছিঁড়ে আনা ফুল

যে নীল ফুলটি ফুটেছিল আমার বাগানে,
আজ সকালে একজন সেটা উপড়ে ফেলেছে।
আমি তাকে চিনি, খুবই চিনি...তবু তার সাথে
কখনো আলাপ হয়নি আমার।
সরাসরি কথা, অথবা স্নেহ চোখাচোখি ---
না। তাও হয়নি।
তাকে জিজ্ঞেস করা হয়নি, কেন সে ফুল ছেঁড়ে...
কেন সে ফুল ভালোবাসেনি !

ওই বিটকেল চালচলন, পোশাক-আশাক,
অখ্যালি চুল আর তাতে লুকোনো বিষাদ,
সবের সাথেই আমার ঢের আগে পরিচয়।
অথচ সে আমায় চেনেই না ! কিংবা চিনেও,
চিনতে চায় না আজও।
রোজ যার বাগানে তার আনাগোনা,
সেই আমাকে
হেমন্তের হিমেল হাওয়ার মতন এড়িয়ে চলে।
তবু তাকে দেখে আমার মনে হয়না....
সে ফুল একেবারেই ভালোবাসেনা।

হয়তো তার বুকজুড়ে উগড়ে চলেছে এক
গোপন আগ্নেয়গিরি !
যাতে পুড়ছে ফুল, সাজানো বাগান, আর
একটা আস্থ মানুষ।
বাগানে ফুল ধরলেই সে আমার ঘর থেকে বেড়িয়ে,
সেটা উপড়ে ফের ঘরে ফেরে !
টেবিলের ওপর রাখা আমার ডায়েরির পাতায় পাতায়
সে ধরে রেখেছে দিনের পর দিন ----
একের পর এক ছিঁড়ে আনা ফুল !